

উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী
সভাপতিঃ- উপজেলা ভাইস চেয়ারম্যান, বোয়ালখালী, চট্টগ্রাম।
স্থানঃ- উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়।
তাং- ২০/১০/২০২০ইং

সময়ঃ- সকাল ১১.০টা

অধ্যকার সভা উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি, জনাব এস এম সেলিম মহোদয়ের সভাপতিত্বে শুরু হয়। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করার জন্য জনাব মোঃ আতিক উল্লাহ, উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি ও সেচ কমিটি, মহোদয়কে অনুরোধ জানান।

সদস্য সচিব জানান যে, অত্র উপজেলার ৪৮৫০ হেক্টর আমন আবাদে লক্ষ্যমাত্রা রয়েছে। যাহার জন্য ২৬০ হেক্টর বীজতলার প্রয়োজন। ইতিমধ্যে অত্র উপজেলায় ২৪০ হেক্টর বীজতলার অর্জিত। সভাপতি মহোদয়ের আলোচনা সাপেক্ষে অত্র উপজেলার ক্ষীম ম্যানেজারদের নিয়ে সেচ বিষয়ে আলোচনা করা হয়েছে। রবি মৌসুম গুরুত্বপূর্ণ মৌসুম বিধায় চাষাবাদের সময় যাতেকরে কোন সেচ কার্যক্রম বিঘ্নিত না হয় তা সবাইকে সতর্ক করা হয়েছে। শীতকালীন সবজির উৎপাদন খুব গুরুত্বপূর্ণ তাই সবজির উৎপাদন ব্যহত না হয় মোতাবেক ক্ষীম ম্যানেজারদের পরামর্শ দেওয়া হয়েছে। সকল উপসহকারী কৃষি কর্মকর্তরা ব্লকে উপস্থিত থেকে কৃষক পর্যায়ে প্রয়োজনীয় সকল পরামর্শ প্রদান করতেছে। এছাড়াও কৃষি সম্পর্কিত বিবিধ আলোচনা করা হয়েছে।

সিদ্ধান্তঃ-

- ১। অত্র উপজেলার চাষাবাদ যাতে করে নির্বিঘ্নে হয় সেদিকে সর্বদা সজাগ থাকার সিদ্ধান্ত গৃহিত হয়।
- ২। কৃষকরা যাতে করে চাষাবাদের প্রয়োজনীয় সকল পরামর্শ যথাসময়ে যথাযথভাবে পায় এবং আমন মৌসুমে উৎপাদন বৃদ্ধি করতে পারে তার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অধ্যকার সভায় অন্য আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

(বীর মুক্তিযোদ্ধা এস এম সেলিম)
উপজেলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি,
বোয়ালখালী, চট্টগ্রাম।

তাং ২০/১০/২০২০ইং

স্মরণ নং ২২,১৮,১৫১৮,০০০, ২৬,০৩০, ১৬-৫৫৯ (৬)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১. উপজেলা মৎস্য অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।
২. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সংশ্লিষ্ট)
৩. মনোনীত মহিলা মেম্বর।

(মোঃ আতিক উল্লাহ)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ কমিটি,
বোয়ালখালী, চট্টগ্রাম।